



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর, বাংলাদেশ

ওয়েবসাইট: www.nu.ac.bd

পরিচালকের কার্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০২ ৯৯৬৬৯১৫৩৬, ফ্যাক্স : ০২ ৯৯৬৬৯১৫৫০

mail: nupr1992@gmail.com

স্বাক্ষরিত
প্রচারিত
স্বাক্ষরিত

১৩ মার্চ, ২০২৩

২৭/৬
২৩/০৩/২৩

সংবাদ বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষে ভর্তির আবেদন শুরু ৫ এপ্রিল

গ্রহিতার স্বাক্ষর

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজগুলোতে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষে ভর্তির আবেদন আগামী ৫ এপ্রিল ২০২৩ তারিখ থেকে শুরু হবে। গতকাল ১২ মার্চ (রবিবার) গাজীপুরে বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসে ভাইস-চ্যান্সেলর দপ্তরের কনফারেন্স হলে স্নাতক (সম্মান) ও স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কমিটির সভায় এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. মশিউর রহমান। সভার সিদ্ধান্ত অনুযায়ী, ভর্তি কার্যক্রমের অনলাইনে আবেদন গ্রহণ চলবে ৮ মে ২০২৩ তারিখ পর্যন্ত। প্রথম মেধা তালিকায় ভর্তি কার্যক্রম চলবে ১৭ মে থেকে ৩১ মে ২০২৩ তারিখ পর্যন্ত। ১ জুন ২০২৩ তারিখ থেকে এই শিক্ষাবর্ষের ক্লাশ শুরু হবে।

বার্তা প্রেরক

মো. আতাউর রহমান
পরিচালক
জনসংযোগ দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষের কার্যালয়
রাজশাহী সরকারি কলেজ
রাজশাহী পার্বত্য জেলা

তারিখ: ১৪/০৩/২০২৩ খ্রি.

বিজ্ঞপ্তি

সংযুক্ত পত্রের মর্মানুযায়ী জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষ ভর্তি কার্যক্রমের অনলাইনে আবেদন আগামী ০৫/০৪/২০২৩ হতে ০৮/০৫/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত চলবে। ভর্তিচ্ছু শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে বিজ্ঞাপনটি বহুল প্রচার করা হলো।

অধ্যক্ষ

রাজশাহী সরকারি কলেজ
রাজশাহী পার্বত্য জেলা

C:\Users\Mahi\Desktop\NU-First-Year Admission-13-03-2023.doc

বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাজশাহী;
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ, রাজশাহী;
- ৩। বিভাগীয় প্রধান, (সকল বিভাগ), অত্র কলেজ, রাজশাহী;
- ৪। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাজশাহী। তাঁকে কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল;
- ৫। সংরক্ষণ নথি।